Sajib Paul
SACT
Department of History
Saltora Netaji Centenary
college

# গৌতমীপুত্র সাতকর্ণীর কৃতিত্ব

AHHST/201/C-3

History of India (600B.C to 650 A.D)

# সূচনা

মৌর্য সাম্রাজ্যের পতনের পর কুষাণ, শখ প্রভৃতি জাতিগুলি যখন ভারতের অভ্যন্তরে সাম্রাজ্য প্রতিষ্ঠা শুরু করেছিল সেই সময় দক্ষিনে সাতবাহন সাম্রাজ্য গড়ে ওঠে। প্রথম সা তকরণীর মৃত্যুর পর শক জাতির আক্রমণে সাতবাহন রা দাক্ষিণাত্যের পশ্চিমাংশ, মালব, কাথিয়াবড়, নাসিক প্রভৃতি অঞ্চল গুলি হারিয়ে পূর্বদিকে, সরে যেতে বাধ্য হয়। এই সংকটময় মুহর্তে গৌতমীপুত্র সাত কর্মী সিংহাসনে বসেন।

# সিংহাসনে আরোহন

গৌতমীপুত্র ১০৬ খ্রিস্টাব্দে সিংহাসন আরোহণ করেন। নাসিক প্রশস্তি, জুনাগড় লিপি, হস্তি ঘুম্পা লিপি, প্রভৃতি থেকে গৌতমীপুত্রের ইতিহাস জানা যায়। তার অন্যতম কৃতিত্ব ছিল সাতবাহন সাম্রাজ্যকে সব আক্রমণের হাত থেকে মুক্ত করা এবং সাম্রাজ্যের বিস্তার ঘটানো।

# শক -সাতবাহন দ্বন্দ্ব

নাসিক প্রশস্তি থেকে জানা যায় গৌতমিপুত্র শক দের সঙ্গে সংগ্রামী অবতীর্ণ হন এবং সকদের পরাজিত করে অনেক রাজ্য পুনরুদ্ধার করেন। নাসিক প্রশস্তিতে বলা হয়েছে গৌতমীপুত্র শক,যবন ও পল্লবদের পরাজিত করেছিলেন। শকদের কাছ থেকে আশ্রিক, মূলক,সুরথ, কুকুর, অনুপ, বিধর্ভ, আকর ও অবন্তি রাজ্য দখল করেছিলেন।

# রুদ্র দামনের সঙ্গে যুদ্ধ

জুনাগড় লিপি থেকে জানা যায় রুদ্র দমন গৌতমিপুত্র কে পরাজিত করেন। আর গৌতমীপুত্র শেষ পর্যন্ত রুদ্র দমনের কন্যার সঙ্গে বৈশিষ্টিপুত্র সাতকর্ণীর বিবাহ দেন। এই বিবাহ ছিল গৌতমী পুত্রের বাস্তব রাজনীতির পরিচয়ক। এর ফলে সেই সময়ের জন্য সাতবাহন সাম্রাজ্য শকআক্রমণ থেকে রক্ষা পায়।

# রাজ্যসীমা

নাসিক প্রশস্তি অনুসারে বিন্দু পর্বত থেকে মলয় পর্বত এবং পূর্বঘাট পর্বতমালা থেকে পশ্চিমঘাট পর্বতমালা পর্যন্ত বিস্তৃত অঞ্চলের ওপর গৌতমী পুত্রের শাসন চলেছিল। হেমচন্দ্র রায়চৌধুরীর মতে অন্ধ্র ও দক্ষিণ কোসল রাজ্য দুটি তার সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। এছাড়া কলিঙ্গ ও পূর্বঘাট পর্বতমালা অঞ্চলে তার সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়েছিল।

# অন্যান্য কার্যাবলী

তিনি ক্ষত্রিয় শ্রেণীর দর্প চূর্ণ করেন এবং ব্রাহ্মণ ও নিম্ন শ্রেণীর স্বার্থ রক্ষা করেন। এছাড়া তিনি বৌদ্ধ ধর্মের প্রতি ও উদার দেখান। তিনি মানবতাবাদের দ্বারা পরিচালিত হয়েছিলেন। অন্যদিকে প্রজাদের তিনি অহেতুক করভারে জর্জরিত করেননি। তার সময়ে স্থাপত্য শিল্পে অমরাবতী রীতির বিকাশ ঘটেছিল।

# উপসংহার

গৌতমীপুত্র সাতকর্ণী ছিলেন সাতবাহন বংশের শ্রেষ্ঠ রাজা। তিনি অধঃপতিত সাতবাহন সাম্রাজ্যকে দক্ষিণ ভারতের অন্যতম শক্তিতে পরিণত করতে সক্ষম হয়েছিলেন।

Thank you